

## সংবাদ বিবৃতি

প্রকাশ্যে এক যুবককে কুপিয়ে হত্যার ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর তীব্র নিন্দা এবং জড়িতদের দ্রুততার সাথে গ্রেফতার করে আইনের শাসন ও ন্যায়বিচার প্রতিষ্ঠার জোর দাবি

[ঢাকা, ২৭ জুন ২০১৯] ২৬ জুন ২০১৯ সাড়ে ১০ টার দিকে বরগুনা সরকারি কলেজের সামনে দুর্বৃত্তরা প্রকাশ্যে দিবালোকে রিফাত শরীফ (২৫) নামক এক যুবককে রাম দা দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে আহত করে। এ সময় তার স্ত্রী হামলাকারীদের প্রতিহত করার চেষ্টা করলেও হামলাকারীরা তাদের আক্রমণ থামায়নি। বরং হামলা শেষে বীরদর্পে অস্ত্র উঁচিয়ে তারা ঘটনাস্থল ত্যাগ করে বলে গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়েছে। এ ঘটনায় গুরুতর আহত রিফাত বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়।

রিফাত হত্যার ঘটনাকে কোনো বিচ্ছিন্ন ঘটনা হিসেবে ভাবার সুযোগ নেই। এটি বিদ্যমান আইন-শৃঙ্খলা পরিস্থিতির সার্বিক চিত্র আমাদের সামনে অত্যন্ত নৃশংসভাবে তুলে ধরেছে। রিফাতের পূর্বেও আমরা বিশ্বজিক্কে রাজধানীতে প্রকাশ্যে দিবালোকে, জনসম্মুখে কুপিয়ে হত্যা করতে দেখেছি। এ ঘটনা আবারো আমাদের দেশে আইনের শাসন, জবাবদিহিতা ও ন্যায় বিচারের ঘটতি কতটা তীব্র হয়ে উঠেছে তা চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিচ্ছে। এইচআরএফবি দৃঢ়ভাবে বলতে চায়, এমন নৃশংস অপরাধের সাথে সম্পৃক্ত সবাইকে অতি দ্রুত গ্রেফতার করা এবং সুষ্ঠু তদন্তসাপেক্ষে যথাযথ বিচারিক প্রক্রিয়া অনুসরণ করে আইনানুগ শাস্তি নিশ্চিত করা অত্যন্ত জরুরি। অন্যথায় একটি সভ্য ও ন্যায়নিষ্ঠ জাতি হিসেবে আমাদের অস্তিত্ব চরম সংকটের মুখে পড়বে। এইচআরএফবি কর্তৃপক্ষের কাছে এ ঘটনার সুষ্ঠু বিচার সুনিশ্চিত করতে ত্বরিত ও দায়িত্বশীল ভূমিকা রাখার জন্য দাবি জানাচ্ছে। একই সাথে রিফাতের স্ত্রী ও পরিবারকে পর্যাপ্ত নিরাপত্তাসহ সব ধরণের সহযোগিতা প্রদানের জন্য আহ্বান জানাচ্ছে।



শীপা হাফিজা

আহ্বায়ক, এইচআরএফবি

নির্বাহী পরিচালক, আইন ও সালিশ কেন্দ্র (আসক)

### Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).